

## কথাবলা পুতুল

এই যে আমি কথা বলছি  
--কথাটা কিন্তু আমার নয়  
এই সে আমি হাসছি  
---হাসিটা কিন্তু আমার নয়  
এই যে আমি গাইছি, কাঁদছি, হেঁচকি তুলছি  
---সবই আর এক জনের

সেই আরেক জন --- আপনি

আপনার ধন্যি ধন্যি প'ড়ে যায়  
হাততালির উচ্ছ্বাসে গম গম ক'রে ওঠে প্রেক্ষাগৃহ  
যখন আপনার কষ্টে আমি কথা বলি  
আপনার হাসিটা হেসে দেই  
আপনি ঠিক যেমন যেমন চান  
তেমন তেমন ক'রে ন'ড়ে ওঠে আমার প্লাস্টিকের ঠেঁট  
আর ভ'রে ভ'রে ওঠে আপনার পকেট  
ধন ধান্যে

আপনি হাসি মুখে টি.ভি. চ্যানেলকে বলেন --  
এর নাম স্বরক্ষেপণ  
আর আমি তখন আপনারই কোলে নীরব হয়ে থাকি  
এই নীরবতাটুকুই আমার

পাণ্টি স্বরক্ষেপণ অসম্ভব জেনেও  
কেন যে আমার নীরবতাকে প্রতিটি দৃশ্যে শুধু শুধু  
আপনি ভয় পাচ্ছেন!

অনিবান দাস